# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন: দ্বিতীয় পত্র

বিষয় কোড : ২৮৭

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

১.▶ মিসেস লতিফা তার পরিবারের সদস্যদেরকে নিয়ে ছুটির দিনে কেনাকাটা করার জন্য বসুন্ধারা সিটিতে গেলেন। সকলে মিলে প্রয়োজনীয় শপিং সম্পন্ন করে ফুড পার্কে গিয়ে দুপুরের খাবার গ্রহণ করেন। ছেলেমেয়েরা কিছুক্ষণ গেমস জোনে খেলাধুলা করার পর সকলে মিলে স্টার সিনেপ্লেক্সে একটি বাংলা সিনেমা উপভোগ করেন। দিন শেষে সকলে আনন্দিত হয়ে বাসায় ফেরেন।

ক. ই-মেইল মার্কেটিং কী? ১

খ. বিক্রয়কারী থাকে না কোন বিপণিতে? ব্যাখ্যা করো। ২

গ. বসুন্ধারা সিটি কোন ধরনের বিপণির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিপণি কেন্দ্রে কেনাকাটা করা মিসেস লতিফার জন্য কতটা সুবিধাজনক? বিশ্লেষণ করো। ৪

২.▶ অনিল নীলক্ষেতের ভিড়ের মধ্যে কষ্ট করে বই কেনা পছন্দ করেন না। তিনি পিপলস ডট কম নামের একটি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রবেশ করে বইয়ের অর্ডার প্রদান করেন। স্বল্প সময়ে তার কাঙ্ক্ষিত বইটি বাসায় পৌঁছে যায়। ইন্টারনেট ব্যবহার করে এরূপ সেবা পাওয়াকে তিনি বেশ সুবিধাজনক মনে করেন।

ক. সুপার মার্কেট কী? ১

খ. বৈচিত্র্যময় পণ্য ভান্ডার থাকে কোথায়? ব্যাখ্যা করো। ২

গ. 'পিপলস ডটকম' কোন ধরনের বিপণন ব্যবস্থা? বর্ণনা করো। ৩

ঘ. অনিলের মতো গ্রাহকের নিকট উদ্দীপকের প্রতিষ্ঠানটির প্রদত্ত সেবা কতটা সুবিধাজনক? বিশ্লেষণ করো। ৪

৩.▶ লীলাবতি নিয়মিত ফেসবুক ব্যবহার করেন। তিনি ফেসবুকে আঁচল নামে একটি পেজ লক্ষ করলেন। পেজটিতে বিভিন্ন ধরনের ইমিটেশন গহনা সুলভ মূল্যে হোম ডেলিভারির ব্যবস্থা করা হয় বলে উল্লেখ আছে। লীলাবতি

Teachingbd24.com

https://teachingbd24.com

ফেসবুকের মাধ্যমেই পেজটিতে অর্ডার প্রদান করেন। কয়েক ঘন্টা পর তার বাসায় গহনা পৌঁছিয়ে যায় এবং তিনি গহনা গ্রহণ করে মূল্য পরিশোধ করেন।

ক. চেইন স্টোর কাকে বলে? ১

খ. 'প্রত্যক্ষ বিপণন পারস্পারিক বিপণন ব্যবস্থা'-ব্যাখ্যা করো। ২

গ. আঁচল পেজটি কোন ধরনের বিপণন ব্যবস্থা? ব্যাখ্যা করো। ৩

ঘ. লীলাবতির ক্ষেত্রে আঁচল পেজের মাধ্যমে গহনা ক্রয়ের সিদ্ধান্ত কতটা যৌক্তিক বলে তুমি মনে করো। ৪

৪.▶ একদিন পড়ন্ত বিকালে মামুনের কাছে একটি টেলিফোন নাম্বার থেকে কল আসে। ফোনের অপর প্রান্ত থেকে শুভ বিকেল বলে সম্বোধন করে একটি মেয়ে সাতক্ষীরার গলদা চিংড়ি ক্রয়ের আমন্ত্রণ জানালেন। মামুন ফরমালিন বিহীন গলদা চিংড়ি ক্রয়ের জন্য ফোনেই অর্ডার প্রদান করেন এবং কয়েক ঘন্টার মধ্যেই চিংড়ির অর্ডার বুঝে পান।

ক. বৃহদায়তন খুচরা ব্যবসায় কাকে বলে? ১

খ. কনজুমার মার্কেটিং বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের বিপণনের ধরন কোনটি? বর্ণনা করো। ৩

ঘ. মামুন বিপণন পদ্ধতিটির মাধ্যমে কীভাবে উপকৃত হলেন তা বিশ্লেষণ করো। ৪

৫.▶ 'বিক্রমপুর মিষ্টান্ন ভান্ডার' তাদের উৎপাদিত পণ্য বড় বড় শহরের বিভিন্ন স্থানে দোকান স্থাপনের মাধ্যমে ভোক্তাদের নিকট সরবরাহ করে। তাদের এ বিপণিতে সকল ধরনের পণ্য পাওয়া না গেলেও কয়েক ধরনের মিষ্টি পাওয়া যায়। উন্নতমান, একদরে পণ্য বিক্রয়, একই ধরনের নকশা ইত্যাদি কারণে ভোক্তা সন্তুষ্টি অর্জনে প্রতিষ্ঠানটি বেশ সফলতা অর্জন করেছে বলে- এর মালিক মনে করেন।

ক. টেলিভিশন মার্কেটিং কী? ১

খ. প্রত্যক্ষ বিপণন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি কোন ধরনের বৃহদায়তন খুচরা ব্যবসায়? ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. ভোক্তা সন্তুষ্টি বিধানে প্রতিষ্ঠানটির ভূমিকা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৬.▶ 'লিসা ট্রেডিং' 'বুনা ফুডস'-এর স্থানীয় পরিবেশক। তারা 'বুনা ফুডস'-এর বিভিন্ন পণ্যের ছবি সম্বলিত স্টিকার লাগানো ছোট কাভার্ড ভ্যানে করে বিস্কুট, চিপস, চানাচুরসহ বিভিন্ন পণ্য ছোট দোকানে নিয়ে বিক্রয় করে। 'লিসা ট্রেডিং' আর কারও পণ্য বিক্রয় না করায় তাদের এক্ষেত্রে শতভাগ আন্তরিকতা লক্ষ করা যায়। 'লিসা ট্রেডিং' তাদের বিক্রয় টার্গেট পূরণ করতে পারলে বিভিন্ন সময়ে বিশেষ কমিশন, পুরস্কারসহ নানান ধরনের সুবিধা 'বুনা ফুডস' থেকে পেয়ে থাকে।

ক. বণ্টন প্রণালি কী? ১

খ. বহুশাখা বিপণি বলতে কী বোঝ? ২

গ. 'লিসা ট্রেডিং' কোন ধরনের মধ্যস্থব্যবসায়ী? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'বুনা ফুডস' বিভিন্ন সময়ে 'লিসা ট্রেডিং'-কে যে সকল সাময়িক সুবিধা দেয়, তা বিপণন প্রসারের যে হাতিয়ারের অন্তর্ভুক্ত তা বিশ্লেষণ করো। ৪

৭.▶ দুলাল ট্রেডার্স বনানীতে একটি বৃহদায়তন ইমারতের বিভিন্ন ফ্লোরে বিভিন্ন ধরনের পণ্যদ্রব্য বিক্রি করছে। প্রত্যেকটি পণ্যের জন্য আলাদা বিভাগ এবং স্বয়ংক্রিয় বিক্রয় ব্যবস্থা বিদ্যমান। প্রতিষ্ঠানটি আরও বড় আকারে ব্যবসায় পরিচালনার জন্য মিরপুরে একটি নতুন স্টোর চালু করতে যাচ্ছে, যেখানে স্বয়ংক্রিয় বিক্রয় ব্যবস্থা এবং সব ধরনের পণ্যদ্রব্য থাকবে।

ক. প্রত্যক্ষ বিপণন বলতে কী বোঝ? ১

খ. পরিকল্পিত বিপণন কেবল শহরে গড়ে ওঠে কেন? ব্যাখ্যা করো। ২

গ. দুলাল ট্রেডার্স কোন ধরনের বিপণন ব্যবস্থা চালু করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. দুলাল ট্রেডার্স ভবিষ্যতে কীরূপ বিপণি চালু করার পরিকল্পনা করেছে? যুক্তিসহ ব্যাখ্যা করো। ৪

৮.▶ 'এলিট ডট কম' ইন্টারনেটের মাধ্যমে পণ্য ক্রয়-বিক্রয়ের একটি ওয়েবসাইট। এখানে বিভিন্ন ধরনের পণ্যের বিস্তারিত বর্ণনা, ছবি দেওয়া থাকে। এর মাধ্যমে ক্রেতারা সহজে তাদের প্রয়োজনীয় পণ্য কিনতে পারে।

https://teachingbd24.com

ক. কোন ধরনের বিপণি L কিংবা U আকৃতির হয়? ১
খ. গ্রিন মার্কেটিং কাকে বলে? ২
গ. 'এলিট ডট কম' কোন ধরনের বিপণন পরিচালনা করে? ব্যাখা করো। ৩
ঘ. তুমি কি মনে করো ওয়েবসাইটের মাধ্যমে কেনাকাটা করা ক্রেতার জন্য সুবিধাজনক? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৯.▶ জনাব মফিজ চট্টগ্রামের আগ্রাবাদে 'নবরূপা' নামে একটি বিপণি প্রতিষ্ঠা করেছেন। এখানে খাদ্য ও গৃহস্থালি সামগ্রী ব্রিকয় করা হয়। বিক্রয়কর্মী না থাকায় ক্লোজ সার্কিট ক্যামেরার দ্বারা তিনি তার বিপণি তদারিক করেন। সম্প্রতি জনাব মফিজ পণ্য সম্পর্কিত বিভিন্ন তথ্য দ্রুত ও সহজে প্রদানের জন্য একটি ওয়েবসাইট চালু করেছেন। এর ফলে আগের তুলনায় এ বিপণির বিক্রয় অনেক বেশি বৃদ্ধি পেয়েছে।

ক. আন্তঃক্রিয়াশীল যোগাযোগ মাধ্যম কোনটি? ১
খ. 'ডিপার্টমেন্ট স্টোর একই বিল্ডিং-এ অবস্থিত' —ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'নবরূপা' নামক বিপণিটি কোন ধরনের খুচরা ব্যবসায় প্রতিষ্ঠান? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব মফিজের সম্প্রতি গৃহীত সিদ্ধান্ত ব্যবসায়িক সফলতায় কী প্রভাব ফেলবে বলে তুমি মনে করো? যুক্তি দাও। ৪

১০.▶ সৌদি আরবে দীর্ঘদিন কাজ করার পর মনসুর দেশে ফিরে আসেন। তিনি বাংলাদেশের শতকরা ৯০ ভাগ মুসলিমের কথা চিন্তা করে টুপি তৈরির কারখানা প্রতিষ্ঠা করেন। তার কারখানাতে অসংখ্য মানুষের কর্মসংস্থান হয়েছে এবং তার টুপি বিপণন করে অনেকের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে।

ক. পণ্য কী? ১
খ. কীভাবে ক্রেতা ভ্যালু সৃষ্টি করা যায়? ব্যাখ্যা করো। ২
গ. মনসুর বিপণন পরিবেশের কোন উপাদান বিবেচনা করেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. মনসুরের বিপণন কাজটি বাংলাদেশের অর্থনীতির জন্য কতটা মঙ্গলজনক বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

## উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন- দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৩০ মিনিট  পূর্ণমান— ৩০  বিষয় কোড : ২ ৮ ৭

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. বিপণন ক্রেতাদের জন্য কী সৃষ্টি করে?
ক) ভ্যালু  খ) বিনিময়
গ) লেনদেন  ঘ) চাহিদা

২. কোনটি বিপণন অর্পণ?
ক) প্রয়োজন, অভাব ও চাহিদা
খ) পণ্য, সেবা ও অভিজ্ঞতা
গ) ক্রেতা ভ্যালু ও ক্রেতা সন্তুষ্টি
ঘ) বিনিময় ও সম্পর্ক

৩. কোন পরিবেশ বিপণনকারী কিছুটা হলেও নিয়ন্ত্রণ করতে পারে?
ক) প্রযুক্তিগত পরিবেশ
খ) সামষ্টিক পরিবেশ
গ) জনসংখ্যা পরিবেশ
ঘ) ব্যষ্টিক পরিবেশ

৪. ব্যবসায়কে নিয়ন্ত্রণকারী আইন কানুন কোন পরিবেশের অর্ন্তগত?
ক) অর্থনৈতিক পরিবেশ
খ) প্রযুক্তিগত পরিবেশ
গ) প্রাকৃতিক পরিবেশ
ঘ) রাজনৈতিক পরিবেশ

৫. পূর্ব পরিকল্পনা ছাড়া কোন পণ্য ক্রয় করা হয়?
ক) অযাচিত পণ্য  খ) শপিং পণ্য
গ) লোভনীয় পণ্য  ঘ) অত্যাবশ্যকীয় পণ্য

৬. নিম্নে কোনটি ভোক্তা বাজার বিভক্তিকরণের জনসংখ্যা বিষয়ক উপাদান?
ক) জলবায়ু
খ) বয়স
গ) পণ্যের প্রতি মনোভাব
ঘ) সামাজিক শ্রেণি

৭. বাজার হচ্ছে-
ক) বর্তমান ও সম্ভাব্য বিক্রেতার সমষ্টি
খ) বর্তমান ও সম্ভাব্য ক্রেতার সমষ্টি
গ) ক্রেতা ও বিক্রেতার সমষ্টি
ঘ) পণ্য ক্রয় ও বিক্রয় এর স্থান

৮. কোনটি মালিকানা হস্তান্তর সম্পর্কিত কাজ?
ক) পরিবহন  খ) গুদামজাতকরণ
গ) বিক্রয়  ঘ) উৎপাদন

৯. বিপণনের কোন কাজের মাধ্যমে ভোক্তারা নির্দিষ্ট মৌসুমে উৎপাদিত আলু বছরব্যাপী খেতে পারে?
ক) পরিবহন  খ) গুদামজাতকরণ
গ) উৎপাদন  ঘ) বিক্রয়

১০. সুপার মার্কেট খুচরা ব্যবসায়ের কোন ধরনের শ্রেণি বিভাগের অর্ন্তভূক্ত?
ক) সেবার পরিমান  খ) তুলনামূলক পণ্য
গ) খুচরা সংগঠন  ঘ) পণ্যসারি

১১. চেইন স্টোর খুচরা ব্যবসায়ের কোন ধরনের শ্রেণি বিভাগের অন্তর্ভুক্ত?
ক) সেবার পরিমাণ  খ) পণ্যসারি
গ) খুচরা সংগঠন  ঘ) তুলনামূলক পণ্য

১২. বাজার বিভক্তিকরণের ইংরেজি প্রতিশব্দ কী?
ক) Market Clasification
খ) Market Separation
গ) Market Arrangement
ঘ) Market Segmentation

উদ্দীপকটি থেকে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।
লিমন ব্রাদার্স জুতা তৈরি করে খুচরা বিক্রয় করে। ক্রেতা আকর্ষণের জন্য প্রতিষ্ঠানটি ১ বছরের ওয়ারেন্টি দিয়ে থাকে। আশানুরূপ বিক্রয় না হওয়ায় প্রতিষ্ঠানটি ব্যক্তিক বিক্রয়ের সিদ্ধান্ত নিয়েছে।

১৩. ওয়ারেন্টি পণ্যের কোন উপাদানের অন্তর্ভুক্ত?
ক) বৈচিত্র্যতা  খ) বৈশিষ্ট্য
গ) ব্র্যান্ড নাম  ঘ) সেবা

১৪. উদ্দীপকের ব্যক্তিক বিক্রয় কোন ধরনের বাজারজাতকরণ মিশ্রণ হাতিয়ার?
ক) পণ্য  খ) মূল্য
গ) বন্টন  ঘ) প্রসার

১৫. পণ্যের শ্রেণি বিভাগ কয়টি?
ক) ২টি  খ) ৩টি
গ) ৪টি  ঘ) ৫টি

১৬. বাংলাদেশে ওজন ও পরিমাপের মান সম্পর্কিত অধ্যাদেশ কত সালে জারি করা হয়?
ক) ১৯১১  খ) ১৯৪০
গ) ১৯৮২  ঘ) ১৯৯৪

https://teachingbd24.com

১৭. মূল্য নির্ধারণে উদ্দেশ্য হচ্ছে-
(ক) মুনাফা সর্বোচ্চকরণ
(খ) জীবনযাত্রার মান উন্নয়ন
(গ) অর্থনৈতিক উন্নয়ন
(ঘ) কর্মসংস্থান

১৮. 'অগ্নি নির্বাপক যন্ত্র' যে ধরনের পণ্য-
(ক) অযাচিত (খ) সুবিধাজনক
(গ) বিশিষ্ট্য (ঘ) আবশ্যকীয়

১৯. উৎপাদক ও ভোক্তার মধ্যকার সেতু বন্ধন হিসেবে কাজ করে কোনটি?
(ক) পণ্য (খ) বাজার
(গ) মধ্যাস্থব্যবসায়ী (ঘ) বিএসটিআই

উদ্দীপকটি থেকে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব রফিক বাজার হতে পণ্য সংগ্রহ করে মজুদ করেন। মূল্য বৃদ্ধি পেলে খুচরা ব্যবসায়ীদের নিকট বিক্রয়ের মাধ্যমে অধিক লাভবান হওয়ার চেষ্টা করেন।

২০. জনাব রফিক কোন ধরনের পাইকার?
(ক) আংশিক পাইকার
(খ) র‍্যাক জাবার
(গ) স্থানীয় পাইকার
(ঘ) বিশেষ পাইকার

২১. বণ্টন প্রণালিতে জনাব রফিকের উপস্থিতি-
i. পণ্য মূল্য বৃদ্ধি করে
ii. পণ্য বণ্টন সহজ করে
iii. উৎপাদন ব্যয় বৃদ্ধি করে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২. পচনশীল পণ্য বিক্রয় করে কোন ধরনের পাইকার?
(ক) বহনকারী (খ) প্রতিনিধি
(গ) জাতীয় পাইকার (ঘ) ট্রাক পাইকার

২৩. মধ্যস্থকারবারি সমাজের কোন ধরনের উপকার করে?
(ক) পরামর্শ (খ) অর্থসংস্থান
(গ) পরিবহন (ঘ) কর্মসংস্থান

২৪. নিচের কোন ধরনের পণ্য ক্রয় করার জন্য ক্রেতা অনেক সময় ব্যয় করতে রাজি থাকে?
(ক) অত্যাবশ্যকীয় পণ্য
(খ) লোভনীয় পণ্য
(গ) শপিং পণ্য
(ঘ) জরুরি পণ্য

২৫. বাসের গায়ে উজিরাইট কলমের বিজ্ঞাপন কোন ধরনের বিজ্ঞাপন মাধ্যম?
(ক) প্রদর্শনী (খ) পরিবহন বিজ্ঞাপন
(গ) বাতায়ন সজ্জা (ঘ) বহি:বিজ্ঞাপন

উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।
বিশ্ববিখ্যাত টুথপেস্টের একটি ব্র্যান্ড হলো 'Colgate'। বর্তমানে এটি বিভিন্ন গুণগতমান সমৃদ্ধ ও আকারের পণ্য বাজারে ছেড়েছে। এতে তাদের বিক্রি অনেক বেড়ে গেছে।

২৬. 'Colgate' পণ্য পরিচিতির জন্য কোন মাধ্যমটি বেশি ব্যবহার করা হয়?
(ক) সংবাদপত্র (খ) রেডিও
(গ) টেলিভিশন (ঘ) বিলবোর্ড

২৭. 'Colgate' পণ্যের বিক্রয় বাড়ার কারণ হলো-
i. ভোক্তাদের চাহিদা পূরণ
ii. পণ্যের উৎপাদন বৃদ্ধি
iii. গুণগতমান সম্পন্ন পণ্য
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৮. উন্নয়নশীল দেশ বলতে একটি দেশের সঠিক অর্থনৈতিক অবস্থার কোনটিকে বোঝায়?
(ক) স্থিতিশীলতা (খ) পরিবর্তনশীলতা
(গ) গতিশীলতা (ঘ) অস্থিতিশীলতা

২৯. নিচের কোনটি বিপণনের আওতা বহির্ভূত কাজ?
(ক) উৎপাদন (খ) পরিবহন
(গ) ক্রয় (ঘ) বিক্রয়

৩০. বিভাগীয় বিপণি বা ডিপার্টমেন্ট স্টোরের বিক্রয় কেমন?
(ক) কেন্দ্রীভূত (খ) বিকেন্দ্রীভূত
(গ) রক্ষণশীল (ঘ) ব্যক্তিকেন্দ্রিক

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | ঘ | ৪ | [illegible] | ৫ | [illegible] | ৬ | খ | ৭ | খ | ৮ | গ | ৯ | খ | ১০ | গ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | ক |
| ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | [illegible] | ২০ | [illegible] | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | ক |

https://teachingbd24.com